

জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের উত্তম চর্চার তালিকা

ক্রমিক নম্বর	উত্তম চর্চার নাম	উত্তম চর্চার বিবরণ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	ডিজিটাল এ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম	<p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবালয় হিসাবে বাংলাদেশ সচিবালয় দেশের অন্যতম কোপিআই (K.P.I) সচিবালয়ে স্থায়ী কর্মচারীদের জন্য Electronic Access Control System এর আওতায় Smart Card ইস্যু করা হয়েছে। সচিবালয়ে ০১ ও ০৫ নং গেইট দিয়ে Smart Card ধারী কর্মচারীগণ ১০ টি Turnstile দিয়ে সচিবালয়ে প্রবেশ করতে পারেন। এছাড়া কর্মচারী ও দর্শনার্থীদের বর্তমানে সচিবালয়ে প্রবেশের জন্য নিম্নোক্ত পদ্ধতি রয়েছে;</p> <p>(ক) ৫নং গেইটে স্থাপন করা হয়েছে-০১(এক)টি Human Archway, ৪ (চার) টি Radio Frequency Identification (RFID) Enabled Employee Access Control System (Turnstile), ১ (এক) টি Baggage Scanner.</p> <p>(খ) ১নং গেইটে দর্শনার্থী কক্ষে স্থাপন করা হয়েছে - ৪ (চার)টি RFID Enabled Employee Access Control System (Turnstile), ১২ (বার) টি Monitor, ১২ (বার) টি All in One PC, ১২ (বার) টি Finger Print System ও ১২ (বার) টি Irish Scanner.</p> <p>(গ) ডিজিটর পাশের জন্য Customized Operating System Software তৈরী করা হয়েছে।</p> <p>(ঘ) মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত মন্ত্রণালয়ের ভিতরে গুরুত্বপূর্ণ ১৬ (ষোল)টি স্থানে Thermal Imaging Camera স্থাপন করা হয়েছে।</p> <p>(ঙ) সচিবালয়ের সকল মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুসারে ১৫০ (একশত পঞ্চাশ) টি All in One PC সরবরাহ, সংযোগ এবং ডিজিটর পাসের জন্য Customized Operating System Software ব্যবহার পদ্ধতির উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এর মাধ্যমে কর্মকর্তাগণ ডিজিটরদের জন্য ডিজিটাল পাস ইস্যু করতে পারেন।</p>	জননিরাপত্তা বিভাগ
২.	ভেহিকুল স্ক্যানার মেশিন এর মাধ্যমে নিরাপত্তা	<p>বিশ্বের আধুনিক রাষ্ট্রসমূহের সচিবালয়ের আদলে বাংলাদেশ সচিবালয়ের ১, ২, ৩ ও ৩ নং গেইটে স্থাপন করা হয়েছে ভেহিকুল স্ক্যানার মেশিন। এর মাধ্যমে দর্শনার্থীদের গাড়ীতে যাতে অবৈধ অস্ত্র, মাদকসহ তালিকাভুক্ত অবৈধ দ্রব্য নিয়ে কেউ সচিবালয়ে ঢুকতে না পারে তা নিশ্চিত করা সম্ভব হয়েছে। এ পদক্ষেপের কারণে বাংলাদেশ সচিবালয়ের কর্ম পরিবেশ আরও উন্নত ও নিরাপদ করা সম্ভব হয়েছে।</p>	জননিরাপত্তা বিভাগ
৩.	কর্মপরিবেশ উন্নতকরণ	<p>দেশ ও জনগণের নিরাপত্তা ও সেবা নিশ্চিত করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ এ দুভাগে ভাগ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে দুই বিভাগে কর্মকর্তার সংখ্যা প্রায় দ্বিগুণ (২০০ থেকে ৪৫০) জনে উন্নীত হওয়ায় কর্মকর্তাদের বসার স্থান সংকুলান করা সম্ভব হচ্ছিল না। অর্থবিভাগের সহায়তায় বিশেষ বরাদ্দের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কর্মচারী/কর্মকর্তাদের প্রাধিকার অনুযায়ী স্থান পুনর্নির্ধারিত করে সকলের বসার স্থান সংকুলান করা হয়েছে এবং আধুনিক ইন্টেরিয়র ডিজাইন এর মাধ্যমে কর্মপরিবেশ কর্পোরেট করা হয়েছে, যা অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক একটি অনুকরণীয় দৃষ্টান্ত।</p>	জননিরাপত্তা বিভাগ

